

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২৮, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ২৬শে এপ্রিল ১৯৯৯/১৩ই ঠৈশাখ ১৪০৬

এস, আর, নং ৮৭-আইন/৯৯/২০৭/মূল্য—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন)—এর ধারা ১৪(১)-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নে বিধিত টেবিলের কলাম (১)-এ উল্লিখিত শিরনামা সংখ্যার বিপরীতে কলাম (২)-এ উল্লিখিত সেবার কোডের আওতাধীন কলাম (৩)-এ বর্ণিত সেবাপ্রদানকারী কর্তৃক প্রদত্ত সেবাকে কলাম (৪)-এ বর্ণিত শর্তাধীনে উহাদের উপর আরোপনীয় অনুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

টেবিল

শিরনামা সংখ্যা	সেবার কোড	অব্যাহতিপ্রাপ্ত সেবাপ্রদানকারী	অব্যাহতির শর্ত
(১)	(২)	(৩)	(৪)
S0১২	S0১২.০০	টেলিফোন, টেলেক্স, ফ্যাক্স সংস্থা	(ক) সেবাগ্রহীতাকে শতকরা একশতভাগ রপ্তানীকারক প্রতিষ্ঠান হইতে হইবে;

(১৯৯৩)

মূল্য : টাকা ১.০০

(১) (২) (৩) (৪)

(খ) উক্ত সেবাগ্রহীতা কর্তৃক কেবলমাত্র রপ্তানী বাজে ২ (দুই)টি টেলিফোন, ১ (এক) টি টেলেক্স ও ১ (এক) টি ফ্যাক্স ব্যবহারের জন্য প্রস্তুত সেবার উপর আরোপনীয় মূল্য সংযোজন কর অব্যাহতিপ্রাপ্ত।

(গ) সেবাগ্রহীতাকে উক্ত টেলিফোন, টালেক্স ও ফ্যাক্স নম্বর উল্লেখ করিয়া সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটে আবেদন করিতে হইবে। আবেদন প্রাপ্তির পর কমিশনার মূল্য সংযোজন কর অব্যাহতির বিষয়ে একটি প্রত্যয়ন পত্র জারী করিবেন এবং উক্ত প্রত্যয়ন পত্র চূঁা জারীর তারিখ হইতে পরবর্তী ২ (দুই) অর্থ বৎসর পর্যন্ত বহাল থাকিবে।

S05৫	S05৫.00	ক্রিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা	কেবলমাত্র রপ্তানী পর্যায়ে প্রস্তুত সেবার উপর আরোপনীয় মূল্য সংযোজন কর অব্যাহতিপ্রাপ্ত।
S0২৭	S0২৭.00	বীমা কোম্পানী	
S03৫	S03৫.00	শিপিং এজেন্ট	

২। এই প্রজ্ঞাপনে প্রস্তুত সুবিধা রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চলে অবস্থিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রেও উল্লিখিত শর্তাবলী সমানভাবে প্রযোজ্য হইবে।

৩। এই প্রজ্ঞাপন ১৯শে নভেম্বর, ১৯৯৮ মোতাবেক ৫ই কার্তিক, ১৪০৫ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
কাজী আনোয়ার হুসেইন
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।